

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা)
প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

www.frc.gov.bd

ফোন নং: ৪১০২৪৬৮৬, ৪১০২৪৬৭৪

স্মারক নং. ১৭৭/এফআরসি/এপিআর/২০২৩/১০৫

তারিখ: ২৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি বিজ্ঞপ্তি
(২০২৩-২০২৪ অর্থ বছর)

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ (২০১৫ এর ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধানমতে জনস্বার্থ সংস্থার নিরীক্ষা চর্চা ও নিরীক্ষা সেবা প্রদান বা নিরীক্ষা পেশায় নিয়োজিত থাকতে হলে বাংলাদেশের সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মকে এফআরসি'তে তালিকাভুক্ত হতে হবে।

এমতাবস্থায় কাউন্সিলের সিদ্ধান্ত মতে, সংশ্লিষ্ট নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম উভয়ই এফআরসি এর নিকট তালিকাভুক্তির জন্য বিধিমালার তফসিল-২ এ বর্ণিত ফি (পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে) প্রদান সাপেক্ষে নির্ধারিত ফরম পূরণ ও দলিলাদি সংযুক্তি সহকারে আবেদন আহবান করা হচ্ছে।

তথ্যসমূহঃ

- ১। নিরীক্ষক (চার্টার্ড একাউন্টেন্ট বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট) এবং নিরীক্ষা ফার্মকে (চার্টার্ড একাউন্টেন্ট বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট) আলাদাভাবে তালিকাভুক্ত হতে হবে। বর্ণিত বিধিমালার তফসিল-১ এ উল্লেখিত জনস্বার্থ সংস্থা বা প্রতিষ্ঠানের নিরীক্ষা সেবা প্রদানের ক্ষেত্রে নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম উভয়ই তালিকাভুক্ত হতে হবে।
- ২। এফআরসি এর নির্ধারিত আবেদন ফরমের সাথে বর্ণিত বিধিমালার তফসিল-২ এ নির্ধারিত ফি পরিশোধ ও সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্তি সাপেক্ষে তালিকাভুক্তির আবেদন করতে হবে।
- ৩। অনলাইন ও অফলাইন উভয় পদ্ধতিতে আবেদন জমা দেয়ার সর্বশেষ তারিখ **৩০ মার্চ, ২০২৩ খ্রিঃ, বৃহস্পতিবার** অফিস চলাকালীন সময়।
- ৪। আবেদন ফরম, আবেদনের তথ্যসমূহ, আবেদনের সাথে দাখিলতব্য সংযুক্তি দলিলাদি বা চেকলিস্ট, আবেদনের ফি এর চার্ট, আবেদন ফরম পূরণের নমুনা ইত্যাদি এফআরসি'র ওয়েবসাইট (www.frc.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। ওয়েবসাইটের **তালিকাভুক্তি** মেন্যুতে প্রবেশ করে অনলাইনে আবেদন করা যাবে।(Link: enlistment.frc.gov.bd/login)
- ৫। তালিকাভুক্তি বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১৮১০১৫৬৩৫৫; ০১৮১০১৫৬৩৫৬; ০১৮১০১৫৬৩৫৭; ০১৮১০১৫৬৩৫৯।

**ফরম পূরণ ও ফি প্রদান বিষয়ে এফআরসি'র ওয়েবসাইটে প্রদত্ত
গাইডলাইন অনুসরণ করতে হবে।**

Link:<http://www.frc.gov.bd/site/page/2638e7c4-bd57-4249-9257-4c664c5a5ab7/->

মোঃ সাঈদ আহমেদ, এফসিএ
নির্বাহী পরিচালক
নিরীক্ষা চর্চা পুনরীক্ষণ বিভাগ
ই-মেইল: ed.apr@frc.gov.bd